NEW YORK STATE | Department of Health

অটো রেসিং কার্যকলাপগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে

আপনি এই নথিটি পরে আপনি নীচে নিশ্চিত করতে পারেন।

15 জুন 2020 এর হিসেবে

উদ্দেশ্য

অটো রেসট্র্যাকগুলি আবার খুলছে বলে, COVID-19 এর বিস্তার রোধ করতে অটো রেসট্র্যাকের লাইসেন্সপ্রাপ্ত বা ফ্র্যাঞ্চাইজড অপারেটর, তাদের কর্মচারী, অন্য যে কোনো কর্মী, এবং অটো রেসিং কার্যকলাপের অংশগ্রহণকারীদের COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে অটো রেসিং কার্যকলাপগুলি পরিচালনা করার ক্ষেত্রে সাবধানতা নেওয়ার জন্য সহায়তা করতে এই অন্তর্বর্তীকালীন নির্দেশিকাটি (অটো রেসিংয়ের জন্য অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা) তৈরি করা হয়েছে। এই নির্দেশিকাটির উদ্দেশ্যের জন্য, "রেসিং কার্যকলাপ" বলতে একটি আটো রেসট্র্যাকে অটো রেসিংয়ের জন্য প্রস্তুতি বা অটো রেসিংয়ের সমস্ত কার্যকলাপকে বোঝানো হয়েছে।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম আবশ্যিকতা এবং যে কোনো অটো রেসট্র্যাকের পরিচালক অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকাগুলি স্টেটের পর্যায় II রিওপেনিংয়ের সময় জনস্বাস্থ্যের জন্য যে অভ্যাস বা চর্চাগুলি সবথেকে ভালো বলে জানা গেছে তার ওপর ভিত্তি করে করা হয়েছে, এবং এই নির্দেশিকাগুলি যে নথি ভিত্তিক তা ঘনঘন পরিবর্তিত হতে পারে বা হয়। দায়বদ্ধ পক্ষগণ - নিচে যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে - অটো রেসিং কার্যকলাপের সাথে সম্পর্কিত সমস্ত স্থানীয়, স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আবশ্যিকতাগুলি মেনে চলার জন্য কৈফিয়তযোগ্য। দায়বদ্ধ পক্ষগণ এই আবশ্যকতাগুলির যে কোনো আপডেট হলে সে বিষয়ে অবগত থাকা, সেইসাথে যে কোনো অটোরেসিং সংক্রান্ত কার্যকলাপ এবং/অথবা সাইটের নিরাপত্তা পরিকল্পনাতে সেগুলি অন্তর্ভুক্ত করার জন্যও কৈফিয়তযোগ্য।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

20 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে দপ্তরের দপ্তর মধ্যস্থ কর্মীদের কাজকর্মকে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যকীয় ব্যবসা, ঠিক যেভাবে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation, ESD) দ্বারা সংজ্ঞাবদ্ধ করা হয়েছে, নির্দেশিকাটি ব্যক্তিগত নিষেধাজ্ঞার শর্তাবলীর মধ্যে প্রযোজ্য নয় কিন্তু নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (Department of Health, DOH) দ্বারা জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কাজের পরিবেশ বজায় রাখার জন্য প্রয়োজনীয় পরিচালনবিধি এবং নির্দেশাবলী মেনে চলতে হবে এবং যত বেশি সম্ভবব সামাজিক দূরত্ব বজায় রাখাতে দৃঢ় অনুরোধ করা হয়েছে।

12ই এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছেন, বিনামূল্যে তাদের মুখের আচ্ছাদন, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, তা প্রদান করতে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15

এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহন করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দূরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করা দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। ব্যবসায়িক প্রতিষ্ঠানের পরিচালক/মালিকদের, মুখের আবরণ বা মাস্কের আবশ্যিকতা না মেনে চলা ব্যক্তিবর্গকে প্রবেশ করতে না দেওয়ার অধিকার প্রদান করে গভর্নর কুওমো, 29 শে মে, 2020 তারিখে নির্বাহী আদেশ 202.34 জারি করেছেন।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর ব্যবস্থা করেন যে নতুন COVID-19 সংক্রমণ জনসাস্থ পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিক মাথায় রেখে আঞ্চলিক বিশ্লেষণটি করা হবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। 29 শে মে, 2020 তারিখে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে স্টেটের বিভিন্ন অঞ্চলে রিওপেনিংয়ের দ্বিতীয় পর্যায় শুরু হবে, এবং ভাইরাসটি কিভাবে প্রতিরোধ করা যেতে পারে তা অনবরত পর্যবেক্ষণ করার জন্য নিউ ইয়র্কবাসী, সরকারী কর্মকর্তা এবং বিশেষজ্ঞদের জন্য রাজ্যের বিস্তৃত ডেটা সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করতে একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড বাস্তবায়ন ব্যবহার করার কথাও ঘোষণা করেছেন। 11 জুন গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 12 জুন তারিখে পুনরায় খোলার তৃতীয় পর্যায় শুরু হবে।

নিম্নলিখিত মান ছাড়াও, সমস্ত অটো রেসট্র্যাকগুলিকে স্বাস্থ্য বিভাগ (DOH) এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য নির্দেশনা ও আদেশ মেনে চলতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটে দায়বদ্ধ অটো রেসিং কার্যকলাপগুলির জন্য মানদণ্ড

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম মান, তবে সেটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, তা সহ প্রযোজ্য ফেডারেল শর্তাবলী সর্বোপরি স্টেটের ন্যূনতম মানদণ্ড পূরণ না করে কোনো অটো রেসিং কার্যকলাপ পরিচালিত হতে পারবে না।

COVID-19 জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতির সময় কার্যরত সমস্ত অটো রেসিংয়ের ক্ষেত্রে এই নির্দেশিকায় থাকা স্টেটের মানদণ্ডগুলি স্টেট দ্বারা সংশোধিত বা রদ না করা পর্যন্ত প্রযোজ্য থাকবে। অটো রেসট্র্যাকের মালিক বা পরিচালক (উভয়ের ক্ষেত্রেই, "দায়বদ্ধ পক্ষগণ"), এই মানদণ্ডগুলি পূরণ করার জন্য দায়বদ্ধ থাকবেন।

এই নথিটি এই বিশ্বাসের ওপর অনুমান করে করা হয়েছে যে কোনো অডিয়েন্স, ভক্ত, দর্শককে একটি রেসিং বা প্রশিক্ষণ প্রোগ্রামে উপস্থিত থাকার অনুমতি দেওয়া হবে না। শুধুমাত্র অত্যাবশ্যক অংশগ্রহণকারী এবিং কর্মীরাই যাতে অটো রেসট্র্যাক গ্রাউন্ডগুলিতে অ্যাক্সেস করে তা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত নিরাপত্তা এবং অটো রেসট্র্যাকের বাইরে কেউ জমায়েত করলে তাদের সরিয়ে দেওয়ার দায়িত্ব দায়বদ্ধ পক্ষগণের।

নিমনলিখিত নির্দেশিকা তিনটি নির্দিষ্ট বিভাগে সংগঠিত করা হয়েছে: মানুষ, স্থান, এবং প্রক্রিয়াসমূহ

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে লাইনে দাঁড়ানোর সময়, লিফট বা চলন্ত সিঁড়ি ব্যবহারের সময়, অই জায়গাটির এদিকে ওদিকে ঘুরে বেড়াবার সময়, সকল ব্যক্তি, যতটা সম্ভব, অন্য ব্যক্তি বা একইসাথে না আসা অন্য ব্যক্তিদের গ্রুপের থেকে অন্তত ছয় ফুট ব্যবধান রেখে সামাজিক দূরত্বের নিয়মাবলী পালন করবেন, যদি না একটি অটো রেসট্র্যাকের নির্দিষ্ট কিছু কার্যক্রমের জন্য অন্য ব্যক্তিদের ছয় ফুটের মধ্যে আসতে না হয়। এই কার্যক্রমগুলি চিহ্নিত করা হবে এবং প্রভাবিত ব্যক্তিবর্গের ঝুঁকি দূরীকরণের জন্য একটি প্রোটোকল কার্যকর করতে হবে। যে কোনো সময় কোনো ব্যক্তি অন্য একজনের ছয় ফুটের মধ্যে চলে আসলে, অন্ততপক্ষে, একটি স্বীকৃত মুখের আবরণ অবশ্যই পরতে হবে। অন্য কোনো ব্যক্তি হঠাৎ করে ছয় ফুটের মধ্যে চলে আসলে, কর্মচারী এবং অংশগ্রহণকারীদের একটি মুখের আবরণ পরে নেওয়ার জন্য অবশ্যই প্রস্তুত থাকতে হবে, এবং সবসময় একটি মুখের আবরণ সঙ্গে রাখতে হবে।
    - COVID-19 এর জন্য স্বীকৃত মুখের আবরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, মুখ এবং নাক উভয়ই ঢাকে এরকম কাপড়ের মুখের আবরণ এবং ডিজপোজেবেল মাস্কস।
    - যদিও, কাজের ধরনের জন্য যেখানে সাধারণত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের (PPE) একটি উচ্চ মানের সুরক্ষার প্রয়োজন সেইসব ক্ষেত্রে কর্মক্ষেত্রের কার্যকলাপগুলির জন্য কাপড়ের, ডিজপোজেবেল, বা অন্যান্য বাড়িতে তৈরি মুখের আবরণ স্বীকৃত নয়। সেই কার্যকলাপগুলির জন্য, বিদ্যমান শিল্প মানের অধীনে N95 রেস্পিরেটার বা অন্যান্য ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করা অব্যাহত রাখা উচিত, যেমন পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) নির্দেশিকা অনুযায়ী সংজ্ঞায়িত করা হয়।
- কোনো অটো রেসট্র্যাকে কোনো অডিয়েন্স, ভক্ত, বা দর্শককে উপস্থিত থাকার বা প্রবেশের অনুমতি দেওয়া যাবে না।
- দায়বদ্ধ পক্ষগণকে, যতটা সম্ভব, ব্যক্তিবর্গের মধ্যে যথাযথ দূরত্ব নিশ্চিত করতে স্থায়ী ওয়ার্কস্টেশনগুলির জন্য বাস্তবসম্মত লেআউটগুলির বন্দোবস্ত করতে হবে
- দায়বদ্ধ পক্ষগণ ওয়ার্কস্টেশন ও কর্মচারীর বসার এলাকার সংখ্যা ব্যবহার পরিবর্তন এবং/অথবা সীমাবদ্ধ করতে পারে, যাতে শ্রমিকরা সব দিক থেকে অন্তত ছয় ফুট (যেমন-পাশে এবং যখন একে অপরের মুখোমুখি হয়) এবং ব্যবহারের মধ্যে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে ওয়ার্কস্টেশন শেয়ার না করেন। ওয়ার্কস্টেশনগুলির মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব না হলে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই মুখের আবরণ প্রদান করতে হবে সেগুলি ব্যবহার করা বাধ্যতামূলক করতে হবে বা যেখানে প্লাস্টিকে বিভাজক দেওয়ালের মতো বস্তুগত বাঁধা, বায়ুপ্রবাহ, হিটিং, কুলিং, বা বায়ু চলাচলে বাঁধা সৃষ্টি করবে না সেখানে মুখের আবরণের পরিবর্তে সেগুলির বন্দোবস্ত করা যেতে পারে।
    - OSHA নির্দেশিকা অনুযায়ী শারীরিক দূরত্ব বজায় রাখার জন্য বাধা তৈরি করা উচিত।
    - বস্তুগত বাঁধার বিকল্পগুলি অন্তর্ভুক্ত করতে পারে: ফালি করে কাটা পর্দা, প্লেক্সিগ্লাস বা সেই ধরনের উপকরণ, বা অন্যান্য অপ্রবেশ্য বিভাজক বা পার্টিশনগুলি।
- দায়বদ্ধ পক্ষদের ছোট জায়গাগুলির (যেমন লিস্ট, গাড়ি) ব্যবহার নিষিদ্ধ করতে হবে যাতে একই সময়ে এক একজনের বেশি ব্যক্তি ব্যবহার করতে না পারেন, যদি না সেই সমস্ত জায়গায় সকল ব্যক্তি সেই সময় গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন। যদিও, এমনকি মুখের আবরণ পরে থাকলেও, সেই জায়গায় বা গাড়িতে সর্বাধিক যতজন থাকতে পারেন তার 50% এর বেশি কখনই থাকতে পারবে না, যদি না সেটি একজনের থাকার মতো করে ডিজাইন করা হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগণকে নিরাপত্তার প্রোটোকলগুলি মেনে চলার পাশাপাশি বাইরের বাতাস যতটা ভিতরে প্রবেশ করানো যায় তার বন্দোবস্ত (যেমন জানলা এবং দরজা খুলে রাখা) করে বায়ু চলাচল

বাড়াতে হবে। দায়বদ্ধ পক্ষগণ, লিফটের জন্য অপেক্ষা করার জায়গাগুলিতে জনসমাগম যাতে না হয় এবং লিফটে যতজন যেতে পারবেন তার সংখ্যা সীমিত করে, সিড়ির ব্যবহারের মতো, অতিরিক্ত ব্যবস্থা নেবেন।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মচারী এবং অংশগ্রহণকারীরা যখন গাড়িগুলি ব্যবহার করবেন, তখন প্রতিটি গাড়ি একজন আরোহীতেই সীমিত থাকবে, যদি না তাতে থাকা সকল ব্যক্তি যথাযথ মুখের আবরণ পরে থাকেন।
  - সব গাড়িগুলি ব্যবহারের পরে এবং গাড়িটি অন্য ব্যক্তি ব্যবহার করার আগে অবশ্যই পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।

- ঘনিষ্ঠ সান্নিধ্য বা কাছাকাছি থাকার সংখ্যা সীমিত করার জন্য রক্ষণাবেক্ষণ করার কর্মীদের জোড়ায়/ছোটো গ্রুপে নিয়োজিত করার সুপারিশ করা হয়।

- দায়বদ্ধ পক্ষগণকে সরু গলি, হলের রাস্তা অথবা জায়গায় তীরচিহ্ন সহ টেপ বা প্রতীক ব্যবহার করে উভয়মুখী হাঁটা পথের ভিড় কমাতে এবং সমস্ত সাধারণ ব্যবহৃত চত্বরগুলি এবং সাধারণত লাইন তৈরি হতে পারে অথবা লোক জমায়েত হতে পারে এমন কোনো চত্বরে (যেমন স্বাস্থ্য স্ক্রিনিংয়ের স্টেশন) ছয় ফুট দূরত্ব বজায় রাখার সাইনেজ এবং দূরত্বের চিহ্ন দিয়ে উপযুক্ত ব্যবস্থা নিতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে স্বাস্থ্য বিভাগ এর COVID-19 চিহ্নগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ চিহ্ন টাঙাতে হবে। দায়বদ্ধ পক্ষগণ তাদের কর্মস্থল নির্দিষ্ট নিজস্ব কাস্টোমাইজ করা সাইনেজ তৈরি করতে পারেন, কিন্তু সেই সাইনেজ দপ্তরের সাইনেজের সাথে সংগতিপূর্ণ হতে হবে। সাইনেজ কর্মচারীদের এগুলি মনে করিয়ে দেওয়ার জন্য ব্যবহার করতে হবে:
  - যখন ছয় ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে না তখন একটি মাস্ক বা কাপড়ের মুখের আবরণ দিয়ে তাদের নাক ও মুখ ঢাকা।
  - PPE যথাযথভাবে সংরক্ষণ করা, এবং যখন বাতিল করতে হবে তখন বাতিল করা।
  - শারীরিক দূরত্বের নির্দেশীকাগুলি মেনে চলা।
  - COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
  - হাতের পরিচ্ছন্নতা এবং পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের নির্দেশিকা অনুসরণ করুন।
  - যথাযথ শ্বাস-প্রশ্বাসের পরিচ্ছন্নতা এবং কাশির শিষ্টাচার অনুসরণ করুন।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সশরীরে সমবেত হওয়া সীমিত করতে হবে (যেমন মিটিং, প্রশিক্ষণ) সব চেয়ে বেশী যতটা সম্ভব এবং অন্যান্য পদ্ধতি যেমন ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো পদ্ধতি ব্যবহার করা, CDC-র নির্দেশিকা অনুযায়ী "ব্যবসা ও নিয়োগকারীদের জন্য অন্তর্বর্তী নির্দেশিকা করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর বিরুদ্ধে পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার জন্য" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019 (COVID-19))। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং সম্ভব হয় না, তখন দায়িত্বশীল দলগুলোর খোলা, ভালভাবে ভেন্টিলেটারের মধ্যে মিটিং করা উচিত এবং নিশ্চিত করা উচিত যে ব্যক্তি এক আরেকজনের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখবে (যেমন চেয়ার থাকলে, চেয়ারের মধ্যবর্তী জায়গা ছেড়ে দেওয়া, ব্যক্তিবর্গকে একটা চেয়ার ছেড়ে পরে চেয়ারেবসতে হবে)।

- দায়বদ্ধ পক্ষকে ছোটো এলাকায়, যেমন বিশ্রামকক্ষ এবং ব্রেকরুম-এ অবশ্যই যথাযথ সামাজিক দূরত্বের পালনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের এলাকাগুলিতে যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য চিহ্ন এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হচ্ছে চিহ্ন) ব্যবহার করতে হবে; এবং

- সামাজিক দূরত্ব (অর্থাৎ ছয় ফুট দূরত্ব) পালন করার জন্য, যে কোনো সমবেতের জন্য (কফি ব্রেক, খাওয়ার সময়, এবং শিফট শুরু এবং বন্ধের সময়), দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীদের সময়সূচি আগুপিছু করে দিতে হবে।

C. কর্মক্ষেত্রের সক্রিয়তা

- সকল কর্মী COVID-19 নিরাপত্তা এবং জীবাণুমুক্তকরণের প্রোটোকলগুলির প্রশিক্ষণ পাবেন।
- দায়বদ্ধ পক্ষগণকে পারস্পরিক সংযোগ এবং জনসমাগম হ্রাস করতে নিম্নলিখিত ধরনের পদ্ধতিগুলির মাধ্যমে অবশ্যই ব্যবস্থা নেবেন:
  - কর্মক্ষেত্রের ভিতরে উপস্থিতি শুধুমাত্র আবশ্যক কর্মীদের মধ্যেই সীমিত রেখে;
  - কর্মক্ষেত্রের সময়গুলির সামঞ্জস্যবিধান;
  - সামাজিক দূরত্বের নির্দেশিকা পালনের জন্য অন-সাইট কর্মচারীর সংখ্যা হ্রাস করা;
  - শিফটিং ডিজাইন (অর্থাৎ এ/বি টিম, আআর/যাওয়ার সময় আগু পিছু করে দেওয়া);
  - যে কাজগুলিতে সামাজিক দূরত্ব পালন করা সম্ভব সেগুলিকে যে কাজগুলিতে পালন করা সম্ভব নয় তার থেকে অগ্রাধিকার দেওয়া; এবং/অথবা
  - নির্ধারিত কাজগুলো বিক্ষিপ্ত করে এবং অধিকৃত অঞ্চলগুলি নির্দেশ করতে চিহ্নগুলি ব্যবহার করে একই অঞ্চলে একাধিক কর্মচারী এবং/অথবা দলের কাজ করা এড়ানো।

D. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষগণ, সংযোগ যতটা সম্ভব সীমিত করে পিক-আপ এবং ডেলিভারির জন্য অবশ্যই নির্দিষ্ট এলাকা স্থাপন করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগণকে সাইটে যোগাযোগ এবং চলাচল সীমিত করা উচিত (যেমন, শিফট শেষ হয়ে যাওয়া কর্মী এবং শিফট শুরু করা কর্মীদের জন্য পৃথক পৃথক প্রস্থান এবং প্রবেশের ব্যবস্থা) (যেমন যত বেশি সম্ভব কর্মীদের তাদের ওয়ার্কস্টেশনের কাছাকাছি থাকতে হবে)।
- দায়বদ্ধ পক্ষগণকে একটি স্পর্শহীন ডেলিভারি সিস্টেম কার্যকর করতে হবে, যেখানে ডেলিভারির সময় ড্রাইভাররা গাড়ির মধ্যে থাকবেন বা, যেখানে সেটা করা সম্ভব নয়, সেখানে দায়বদ্ধ পক্ষগণকে ডেলিভারি প্রক্রিয়া চলাকালীন ডেলিভারি কর্মীদের অবশ্যই বিনাখরচে স্বীকৃত মুখের আবরণ, গ্লাভস, এবং পায়ের জুতো/কভারিং প্রদান করতে হবে।

II. জায়গা

A. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- নির্দিষ্ট কর্মক্ষেত্রের কার্যক্রমের জন্য প্রয়োজনীয় যে কোনো PPE ছাড়াও, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই, ফ্যাশন, বা অন্যথায় স্বীকৃত মুখের আবরণ সংগ্রহ করতে হবে এবং সকল ব্যক্তিকে বিনামূল্যে তা প্রদান করতে হবে। কোনো কর্মচারীর প্রতিস্থাপন প্রয়োজন হলে তা পূরণ করার জন্য দায়বদ্ধ পক্ষগণের কাছে মুখের আবরণ, মাস্ক এবং অন্যান্য প্রয়োজনীয় PPE-এর পর্যাপ্ত যোগান থাকতে হবে। স্বীকৃত মুখের আবরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত, কিন্তু সেগুলির মধ্যে সীমাবদ্ধ নয়, কাপড় (উদা: বাড়িতে তৈরি সেলাই করা কাপড়, ছোটো করে কাটা, বন্দনা), সার্জিক্যাল মাস্ক, N95 রেসপাইরেটর এবং ফেস সিল্ড।

- মুখের আবরণগুলি অবশ্যই পরিষ্কার করতে এবং বদলাতে হবে এবং শেয়ার করা যাবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য এবং সেইসাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলীর জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন।
    - নোট করবেন যে কাপড়ের তৈরি ফেস কভারিং বা ডিজপোজেবেল মাস্কগুলি মুখের আবরণের জন্য উচ্চ পর্যায়ের নিরাপত্তা লাগু করা কর্মক্ষেত্রের কার্যকলাপগুলির জন্য স্বীকৃত মুখের আবরণ হিসেবে বিবেচিত হবে না। দায়বদ্ধ পক্ষগণকে এই ধরনের নিরাপত্তা সরঞ্জামের জন্য অবশ্যই পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) এর নির্দেশিকা মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই কর্মচারীদের তাদের নিজস্ব স্বীকৃত মুখের আবরণ ব্যবহার করার অনুমতি দিতে হবে কিন্তু কর্মচারীরা তাদের নিজের মুখের আবরণ সরবরাহ করতে পারবেন না। উপরন্তু, এই নির্দেশিকা কর্মীদের তাদের ব্যক্তিগত মালিকানাধীন অতিরিক্ত প্রতিরক্ষামূলক আবরণ (যেমন সার্জিকাল মাস্ক, N95 রেস্পিরেটর, বা ফেস শিল্ড) পরা থেকে প্রতিরোধ করবে না, অথবা অন্যথায় যদি দায়বদ্ধ পক্ষ অনুযায়ী তাদের কাজের প্রকৃতির কারণে কর্মীদের আরো বেশি নিরাপত্তামূলক ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহারের প্রয়োজন হয়। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে গাড়ির মতো জিনিসগুলি শেয়ার করা, সেইসাথে রেলিং এবং বেড়ার মতো শেয়ার করা পৃষ্ঠতলগুলি স্পর্শ করা সীমিত করতে হবে; অথবা, শেয়ার করা জিনিসগুলির বা প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলগুলির সংস্পর্শে আসার সময় কর্মীদের গ্লাভস (কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী বা মেডিকেল) পরা বাধ্যতামূলক করতে হবে; অথবা নিজেদের হাত, সংস্পর্শে আসার আগে এবং পরে জীবাণুমুক্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই PPE – যার মধ্যে মুখ আবরণ অন্তর্ভুক্ত, কিন্তু সীমাবদ্ধ নয়– কিভাবে যথাযথ ভাবে রাখা যায়, খুলে নেওয়া যায়, পরিষ্কার করা হয় (যেমন প্রযোজ্য), এবং ফেলে দেওয়া যায় সেই বিষয়ে কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে।

B. পরিচ্ছন্নতা, পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19), এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার সমেত CDC এবং DOH এর প্রস্তাবিত স্বাস্থ্যবিধি এবং স্যানিটেশনের আবশ্যিক শর্তগুলি মেনে চলা হচ্ছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই লগ মেনটেন করতে হবে যাতে পরিষ্করণ ও জীবাণুমুক্তকরণের তারিখ, সময় এবং পরিচ্ছন্নতার পরিসর অন্তর্ভুক্ত থাকবে।

- দায়বদ্ধ পক্ষগণকে কর্মস্থলে নিম্নলিখিত ভাবে হাতের স্বাস্থ্যবিধির জায়গা প্রদান ও রক্ষণাবেক্ষণ করতে হবে:
    - হাত ধোওয়ার জন্য: সাবান, গরম জলের কল, এবং ফেলা দেওয়া যায় এরকম কাগজের তোওয়ালে।
    - স্যানিটাইজারের জন্য: যেখানে হাত ধোওয়ার সুবিধা উপলব্ধ নাও হতে পারে বা সম্ভব নয় সেই জায়গাগুলির জন্য অন্তত 60% অ্যালকোহল যুক্ত একটি অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার।
        - কর্মচারীদের মূল প্রবেশদ্বারে এবং সংযোগের অঞ্চলগুলিতে, যেখানে সম্ভব, স্পর্শহীন হ্যান্ড স্যানিটাইজার ডিসপেন্সার রাখতে হবে। কটি স্যানিটাইজারের রাখতে হবে তা জনস্বাস্থ্যের নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত হবে।

- ঝুঁকি কমাবার জন্য দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই স্পর্শহীন বর্জ্য ফেলার জায়গা প্রদান করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে শেয়ার এবং ঘনঘন স্পর্শ করা পৃষ্ঠতলগুলির জন্য অবশ্যই যথাযথ পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ সামগ্রী প্রদান করতে হবে এবং এই পৃষ্ঠতলগুলি ব্যবহারের আগে এবং পরে, কর্মচারীদের, হাতের স্বাস্থ্যবিধির পরে, এই সামগ্রীগুলি ব্যবহার করতে উৎসাহিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে স্থানটিকে নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে আরও নিয়মিত পরিষ্কার এবং জীবানুমুক্ত করতে হবে। অবশ্যই খুব ভালো এবং অন্তত প্রত্যেক শিফটের পরে, প্রতিদিন, বা প্রয়োজন অনুযায়ী আরো ঘনঘন ক্রমাগত করে পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ করে যেতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর" COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।
  - দায়িত্বশীল দলগুলোকে বিশ্রামকক্ষ নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে। ব্যবহারের পরিমাণের উপর নির্ভর করে বিশ্রামকক্ষ আরো ঘন ঘন পরিষ্কার করা উচিত।
    - যেখানে সম্ভব সেখানে দায়বদ্ধ পক্ষকে অবশ্যই বিশ্রামকক্ষের ধারণ ক্ষমতা হ্রাস করে দূরত্ব বিধিমালা পালন নিশ্চিত করতে হবে।
  - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নথিভুক্ত জীবানূমুক্তকরণ সামগ্রীগুলি ব্যবহার করে যন্ত্রপাতি ও সরঞ্জাম নিয়মিত জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে, অন্তত কর্মীদের ওয়ার্ক স্টেশনগুলির পরিবর্তন বা একটি নতুন সরঞ্জামের সেটে পরিবর্তিত হওয়া সহ। EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা ব্যবহার করুন।
  - যদি পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ সামগ্রীগুলি বা পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণের কাজটি নিরাপত্তার ঝুঁকির কারণ হয় বা উপকরণ বা মেশিনারির মান নিম্ন করে দেয়, তাহলে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সেই ধরনের মেশিনারিগুলি ব্যবহারের মধ্যে হাতের স্বাস্থ্যবিধি পালনের বন্দোবস্ত করতে হবে এবং/অথবা ডিজপোজেবেল গ্লাভস সরবরাহ করতে হবে এবং/অথবা ওই মেশিনারি ব্যবহার করা কর্মচারীর সংখ্যা সীমিত করতে হবে।
  - দায়বদ্ধ পক্ষকে একজন কর্মীর COVID-19 শনাক্ত হওয়ার ক্ষেত্রে উন্মুক্ত এলাকার পরিষ্কারের এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, এই ধরনের পরিচ্ছন্নতার অন্তর্ভুক্ত হবে, অন্তত সব অধিক লোক চলাচল এলাকা এবং উচ্চ-স্পর্শ পৃষ্ঠতলের (যেমন যন্ত্রপাতি, পৃষ্ঠতল, গাড়ি, হ্যান্ডেল) ইত্যাদি পরিষ্কার।

- যদি কারোর COVID-19 সংক্রমণের সন্দেহ অথবা নিশ্চয়তা থাকে, তাহলে, "আপনার প্রতিষ্ঠানকে পরিষ্কার এবং তার জীবাণুমুক্তকরণ" (Cleaning and Disinfecting Your Facility) সম্পর্কিত CDC-এর নির্দেশিকাগুলি হল:
  - অসুস্থ হওয়া ব্যক্তির ব্যবহার করা অঞ্চলগুলি বন্ধ করে দিন।
    - দায়বদ্ধ পক্ষগণ সংক্রমিত অঞ্চলগুলিকে বন্ধ করে দিতে পারলে, তাদের কার্যকলাপ যে বন্ধ করে দিতে হবে তা নয়।
  - এলাকায় বিমান বাতাস বাড়ানোর জন্য বাইরের দরজা ও জানালা খুলুন।
  - পরিষ্কার ও জীবাণুমুক্ত করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন। 24 ঘন্টা সম্ভব না হলে, যতক্ষণ সম্ভব ততক্ষণ অপেক্ষা করুন।
  - কোনো ব্যক্তি অসুস্থ হলে সেই ব্যক্তির ব্যবহার করা অঞ্চলগুলি, যেমন অফিস, বাথরুম, সকলের ব্যবহারের অঞ্চলগুলির মতো সুস্ত অঞ্চল এবং শেয়ার করা যন্ত্রপাতিগুলি পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন।
  - একবার অঞ্চলটি যথাযথভাবে জীবাণুমুক্ত করা হয়ে গেলে, সেটি ব্যবহারের জন্য আবার খুলে দেওয়া যেতে পারে।

- অসুস্থ ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসেননি এমন কর্মচারীরা জীবাণুমুক্ত করার পরে অবিলম্বে কাজের জায়গায় ফিরে আসতে পারবেন।
- "ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসা" সম্পর্কে আরো তথ্যের জন্য DOH এর " COVID-19 সংক্রমণ বা সান্নিধ্যে আসার পরে সরকারি এবং বেসরকারি কর্মচারীদের কাজে ফিরে আসা সম্পর্কিত অভ্যন্তরীণ নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।

  - অসুস্থ ব্যক্তির প্রদর্শন বা সুবিধা ব্যবহারের পর যদি সাত দিনের বেশি সময় অতিবাহিত হয়, তাহলে অতিরিক্ত পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের প্রয়োজন নেই, কিন্তু নিয়মমাফিক পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ করা উচিত।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই খাবার এবং পানীয় (যেমন, বাফেট স্টাইলের খাবার) ভাগ করে খাওয়া নিষিদ্ধ করতে হবে, বাড়ি থেকে লাঞ্চ নিয়ে আসতে উৎসাহিত করতে হবে, এবং যেখানে, সম্ভব, খাবার খাওয়ার সময় সামাজিক দূরত্ব বজায় রাখার মতো পর্যাপ্ত জায়গা রাখতে হবে।

D. যোগাযোগ পরিকল্পনা

- দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে যে আপনি স্টেটের-ইস্যু করা শিল্পের নির্দেশিকাটি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন, এবং এটিও নিশ্চিত করতে হবে যে আপনি সেগুলি কার্যকর করবেন।

- দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারী এবং অংশগ্রহণকারীদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা গড়ে তুলতে হবে যা লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিদের প্রযোজ্য নির্দেশাবলী, প্রশিক্ষণ, সাইনেজ এবং কর্মচারীদের তথ্য প্রদানের একটি অবিচলিত উপায়কে অন্তর্ভুক্ত করবে। দায়বদ্ধ পক্ষগণকে ওয়েবপেজ, টেক্সট এবং ইমেল গ্রুপ, এবং সোশ্যাল মিডিয়া গড়ে তোলার কথা বিবেচনা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে মুখে বলে বা সাইনেজের মাধ্যমে, একটি ছয় ফুটের সামাজিক দূরত্ব বজায় না রাখা যাওয়ার ক্ষেত্রে, PPE, বিশেষ করে মুখের আবরণ ব্যবহার করা সম্পর্কে ব্যক্তিবর্গকে CDC এবং DOH এর নির্দেশিকাগুলি মেনে চলতে উৎসাহিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে, ব্যক্তিবর্গকে সঠিক পরিচ্ছন্নতা, সামাজিক দূরত্বের নিয়ম, PPE এর সঠিক ব্যবহার এবং পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার প্রোটোকল মেনে চলার কথা মনে করিয়ে দিয়ে বিল্ডিংয়ের ভিতরে ও বাইরে সাইনেজ পোস্ট করতে হবে।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং পরীক্ষা

- কর্মী এবং অংশগ্রহণকারীদের জন্য দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই প্রতিদিন স্বাস্থ্য পরীক্ষার চর্চাগুলি কার্যকর করতে হবে।
  - সাইটে প্রবেশ করার আগে, যতখানে সম্ভব, স্ক্রিনিংয়ের কাজগুলি দূরবর্তীভাবে করা যেতে পারে (যেমন টেলিফোনে বা ইলেকট্রনিকভাবে), বা সাইটে করা যেতে পারে।
  - স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে কর্মচারীদের একে অপরের সাথে ঘনিষ্ঠ হওয়া বা কাছাকাছি আসা আটকাতে স্ক্রীনিং সমশ্রেণীভুক্ত করতে হবে।

- অটো রেসট্র্যাক গ্রাউন্ডে প্রবেশ করতে চাওয়া প্রত্যেক ব্যক্তিকে স্ক্রিনিং করা বাধ্যতামূলক করতে হবে; একটি প্রশ্নাবলী ব্যবহার করে স্ক্রিনিং সম্পূর্ণ করতে হবে যা নির্ধারণ করবে ব্যক্তিটি নিম্নলিখিত পরিস্থিতিগুলির সম্মুখীন হয়েছিলেন কিনা:

  (a) জেনেশুনে গত 14 দিনে ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে থেকেছেন এমন কারও সঙ্গে যিনি COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ ফল লাভ করেছেন বা যার মধ্যে COVID-19 এর লক্ষণ রয়েছে।

  (b) গত 14 দিনে COVID-19 এর পরীক্ষায় ইতিবাচক ফল লাভ করেছেন; এবং/অথবা

  (c) গত 14 দিনে তার COVID-19 এর কোনও লক্ষণ দেখা দিয়েছে কি না।

- স্ক্রিনিংয়ের সুবিধা প্রদান করতে দায়বদ্ধ পক্ষগণকে টিমের পরিচালকদের সাথে যোগাযোগ রাখতে হবে। স্ক্রিনিংয়ের সর্বোত্তম চর্চাগুলি অন্তর্ভুক্ত করে:

  - জায়গা এবং ফেসিলিটির গঠনপ্রণালী সুযোগ দিলে, COVID-19 এর সন্দেহজনক বা নিশ্চিত কেসের ক্ষেত্রে প্রভাবটিকে ন্যূনতম করতে বিল্ডিংয়ের প্রবেশদ্বারে বা তার নিকটে ব্যক্তিবর্গকে স্ক্রিন করুন।

  - স্ক্রিনিং এবং/অথবা বিল্ডিংয়ে প্রবেশের জন্য লাইনে দাঁড়িয়ে থাকা ব্যক্তিবর্গকে যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখার সুযোগ দিন।

  - একটি দূরবর্তী স্ক্রিনিং সম্পূর্ণ করা ব্যক্তিবর্গকে সনাক্ত করতে টেন্যান্টদের সাথে যোগাযোগ করুন।

  - যারা দূরবর্তীভাবে টেন্যান্টদের দ্বারা স্ক্রিন হয়েছেন বা প্রবেশের সময় স্ক্রিন করেছেন শুধুমাত্র তাদেরই প্রবেশ করতে দিন।

  - সম্ভাব্য উপসর্গযুক্ত ব্যক্তিবর্গকে সনাক্ত করতে বিল্ডিংয়ের প্রবেশদ্বারে স্পর্শহীন থার্মাল ক্যামেরা ব্যবহার করুন এবং একটি পরবর্তী স্ক্রিনিং সম্পূর্ণ করতে তাদেরকে মাধ্যমিক স্ক্রিনিং অঞ্চলে নির্দেশিত করুন।

- COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি সম্পর্কে সবথেকে আপ টু ডেট তথ্যের জন্য "করোনাভাইরাসের উপসর্গসমূহ" (Symptoms of Coronavirus) এর ওপর CDC এর নির্দেশিকা দেখুন।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত কর্মচারী এবং অংশগ্রহণকারীদের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোন প্রশ্নের প্রতি তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন।

- স্ক্রিনিংয়ের প্রশ্নোত্তরের পাশাপাশি, মার্কিন যুক্তরাষ্ট্রের কর্মসংস্থানের সমান সুযোগ কমিশন (U.S. Equal Employment Opportunity Commission) বা DOH এর নির্দেশাবলী অনুযায়ীও প্রতিদিন তাপমাত্রা পরীক্ষা করা হতে পারে। দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীর স্বাস্থ্য সংক্রান্ত ডেটার (যেমন তাপমাত্রার ডেটা) রেকর্ড রাখার ওপর নিষেধাজ্ঞা রাখা হয়েছে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, তাপমাত্রা পরীক্ষা সহ, স্ক্রিনিং কার্যকলাপ সম্পাদনকারী যে কোনো ব্যক্তিকে, সম্ভাব্য সংক্রমিত কর্মচারী বা ফেসিলিটিতে প্রবেশ করা অংশগ্রহণকারীদের সংস্পর্শে আসা থেকে যথাযথ ভাবে সুরক্ষিত করা হয়েছে। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত কর্মকর্তা-চিহ্নিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি ফেস মাস্ক সহ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করা উচিত এবং তাদের তা ব্যবহার করা উচিত, এবং তাতে গ্লাভস, একটি গাউন, এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

- COVID-19 উপসর্গগুলির জন্য ইতিবাচক পরীক্ষিত হওয়া একজন কর্মচারি বা অংশগ্রহণকারীকে অটো রেসট্র্যাকে প্রবেশ করার অনুমতি দেওয়া যাবে না এবং মূল্যায়ন ও টেস্টিংয়ের জন্য তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার নির্দেশ দিয়ে বাড়ি পাঠাতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই অবিলম্বে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে কেসটি সম্বন্ধে জানাতে হবে, যদি COVID-19 এর পরীক্ষার ফল পজিটিভ হয়। দায়বদ্ধ পক্ষগণকে স্বাস্থ্যসেবা ও টেস্টিং রিসোর্সের তথ্য কর্মচারী এবং অংশগ্রহণকারীকে সরবরাহ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে, যে সমস্ত কর্মচারী একটি সন্দেহজনক বা নিশ্চিত COVID-19 কেসের পরে বা যে কর্মচারী COVID-19 এর সংক্রমিত একজন ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসার পরে কাজে আবার যোগদান করতে চাইছেন তাদের সম্পর্কে প্রোটোকল এবং নীতিমালার জন্য "DOH এর COVID-19 সংক্রমণ বা সান্নিধ্যে আসার পরে সরকারি এবং বেসরকারি কর্মচারীদের কাজে ফিরে আসা সম্পর্কিত অভ্যন্তরীণ নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই স্ক্রিনিং দ্বারা সংগৃহীত সমস্ত কর্মচারী এবং অংশগ্রহণকারীদের উত্তরগুলি প্রতিদিন পর্যালোচনা করতে হবে এবং সেই পর্যালোচনার একটি রেকর্ড রাখতে হবে। কর্মচারী এবং অংশগ্রহণকারীরা পরে COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি বুঝতে পারলে তাদের যোগাযোগ করার জন্য দায়বদ্ধ পক্ষগণকে একজন ব্যক্তিকে নির্দিষ্ট করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই একজন নিরাপত্তা পর্যবেক্ষক নিয়োগ করতে হবে যার দায়িত্বগুলির মধ্যে কর্মচারী এবং অংশগ্রহণকারীরা সাইটের নিরাপত্তা পরিকল্পনার সব বিষয়গুলি সবসময় মেনে চলছেন কিনা সে বিষয়ে নজর রাখাকে অন্তর্ভুক্ত করে।

    - একটি পজিটিভ কেস জানানো হলে, সাইটের নিরাপত্তা পর্যবেক্ষককে অবশ্যই পজিটিভ কেসটির ব্যবহৃত শেয়ার করা জায়গাগুলি সম্পর্কে সংস্পর্শে আসা ব্যক্তিবর্গকে জানাতে হবে এবং সংশ্লিষ্ট পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ ব্যবস্থাগুলি নিতে হবে।
    - সাইটের নিরাপত্তা পর্যবেক্ষক কর্মী এবং অংশগ্রহণকারীদের জন্য পক্ষ হিসেবেও শনাক্ত হওয়া সংযোগের সমস্ত প্রশ্নোত্তর পাওয়া এবং সেগুলি পর্যালোচনা করেছেন বলে প্রত্যয়ন করার জন্য দায়বদ্ধ, যদি তারা পরে প্রশ্নোত্তরে যেরকম নোট করা আছে, সেরকম COVID-19 সম্পর্কিত উপসর্গগুলি বোধ করেন।

- যতটা সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির উচিত এমন সকল কর্মী ও দর্শনার্থী সহ প্রত্যেক ব্যক্তির একটি লগ বজায় রাখা, যাদের কাজের সাইট বা এলাকায় অন্যান্য ব্যক্তির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ হতে পারে; সেই সকল ডেলিভারি ছাড়া যা উপযুক্ত ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর সাথে বা কন্ট্যাক্টলেস মাধ্যম দ্বারা সঞ্চালিত হয়। লগে যোগাযোগের তথ্য থাকতে হবে, একজন কর্মী COVID-19 এ আক্রান্ত হলে যাতে সব পরিচিতি শনাক্ত করা যেতে পারে, খুঁজে পাওয়া যায় এবং তাকে জানানো যায়। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সংস্পর্শ খুঁজে বের করার উদ্যোগগুলির সাথে সহযোগিতা করতে হবে।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- দায়বদ্ধ পক্ষগুলিকে তাদের সাইটে কোনো কর্মচারীর COVID-19 পরীক্ষায় ইতিবাচক ফলাফল হয়েছে বলে জানতে পারলে অবশ্যই অবিলম্বে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সেই সম্পর্কে অবহিত করতে হবে।

- টেস্টিংয়ে কোনো কর্মী বা অংশগ্রহণকারী পজিটিভ হলে, দায়বদ্ধ পক্ষগণকে ফেসিলিটিতে ঐ ব্যক্তির সংস্পর্শে আসা সকলকে চিহ্নিত করার জন্য স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সাথে সহযোগিতা করতে হবে এবং কর্মী বা অংশগ্রহণকারী প্রথম COVID-19 এর উপসর্গ বোধ করার বা পজিটিভ টেস্ট হওয়ার, এর মধ্যে যেটি আগে হয়েছে, তার 48 ঘন্টা আগে সাইটে প্রবেশ করা সকল কর্মী এবং অংশগ্রহণকারী সম্পর্কে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে অবগত করতে হবে।

- স্থানীয় স্বাস্থ্য দপ্তরগুলি বাড়িতে আইসোলেশন বা কোয়ারেন্টাইন সহ সংক্রমিত বা সান্নিধ্যে আসা ব্যক্তিদের ওপর নজর রাখা এবং তাদের গতিবিধি সীমাবদ্ধ করার বিষয়টি কার্যকর করবে।
- যে সমস্ত ব্যক্তিবর্গকে সতর্ক করে দেওয়া হয়েছে যে তারা একজন COVID-19 সংক্রমিত ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি এসেছেন, এবং চিহ্নিতকরণ, ট্র্যাকিং বা অন্যান্য পদ্ধতিগুলির মাধ্যমে সতর্ক করে দেওয়া কর্মচারীদের, সতর্ক করে দেওয়ার সময় তা নিজে থেকে তাদের নিয়োগকারীকে রিপোর্ট করতে হবে এবং তারা উপরে উল্লিখিত সমস্ত প্রোটোকল মেনে চলবেন।

IV. নিয়োগকারীর পরিকল্পনাসমূহ

দায়বদ্ধ পক্ষগণকে নিরাপত্তার সম্পূর্ণ পরিকল্পনাগুলি সাইটের এমন জায়গাগুলিতে লাগাতে হবে যাতে সকলের চোখে পড়ে। COVID-19 এর বিস্তার রোধ করতে পরিকল্পনা গঠনের জন্য স্টেট, ব্যবসার মালিক এবং পরিচালকদের পথ দেখাতে, একটি ব্যবসার রিওপেনিংয়ের নিরাপত্তা পরিকল্পনার টেমপ্লেট উপলব্ধ করেছে।

নিরাপত্তার আরো তথ্য, নির্দেশিকা এবং রিসোর্সগুলি এখানে উপলব্ধ:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট (New York State Department of Health Novel Coronavirus (COVID-19) Website)
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19) ওয়েবসাইট
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 এর ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

নিচের লিঙ্কটিতে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী পরিচালনা করার জন্য আপনার দায়বদ্ধতা পড়েছেন এবং বুঝেছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation